

ইট পোড়ানো (নিয়ন্ত্রণ) বিধিমালা, ১৯৮৯

সূচী

- ১। সংক্ষিপ্ত শিরোনামা
- ২। লাইসেন্সের দরখাস্ত
- ৩। লাইসেন্স প্রদান পদ্ধতি
ফরম ‘ক’ ইট পোড়ানো লাইসেন্সের জন্য দরখাস্ত
- ফরম ‘খ’ ইট পোড়ানো লাইসেন্স

ইট পোড়ানো (নিয়ন্ত্রণ) বিধিমালা, ১৯৮৯

[বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় ২৪-১২-১৯৮৯ ইং তারিখে প্রকাশিত]

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ ও বন মন্ত্রণালয়**

বিজ্ঞপ্তি

ঢাকা, ৭ই পৌষ, ১৩৯৬/২১শে ডিসেম্বর, ১৯৮৯

নং এস, আর, ও ৪২১-আইন/৮৯-ইট পোড়ানো (নিয়ন্ত্রণ) আইন, ১৯৮৯ (১৯৮৯ সনের ৮ নং আইন) এর ধারা ৯ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :-

১। সংক্ষিপ্ত শিরোনাম।- এই বিধিমালা ইট পোড়ানো (নিয়ন্ত্রণ) বিধিমালা, ১৯৮৯ নামে অভিহিত হইবে।

২। লাইসেন্সের দরখাস্ত।- (১) যে এলাকায় ইট পোড়ানো হইবে সেই এলাকার উপজেলা পরিষদের চেয়ারম্যানের নিকট এই বিধিমালার সহিত সংযুক্ত ফরম ‘ক’-তে ইট পোড়ানো লাইসেন্সের দরখাস্ত দাখিল করিতে হইবে।

(২) উক্ত ফরম উপজেলা পরিষদের চেয়ারম্যানের অফিস হইতে দশ টাকা মূল্য প্রদান করিয়া ক্রয় করিতে হইবে।

৩। লাইসেন্স প্রদান পদ্ধতি।- (১) যথাযথভাবে পুরণকৃত ফরমে উপজেলা পরিষদে দরখাস্ত জমা হইবার পর উহাতে উল্লিখিত বিষয়গুলির সত্যতা যাচাই ও অন্যান্য প্রাসংগিক তথ্যাদি তদন্ত করিয়া উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপ-বিধি (৩) এর শর্ত পূরণ সাপেক্ষে এই বিধিমালার সহিত সংযুক্ত ফরম ‘খ’-তে লাইসেন্স প্রদান করিবেন।

(২) সকল লাইসেন্সের মেয়াদকাল অর্থ বৎসর অনুসারে ৫ বৎসর হইবে।

(৩) লাইসেন্স ফি বাবদ পাঁচশত টাকা উপজেলা পরিষদ তহবিলে জমা দিতে হইবে।

ফরম ‘ক’
[বিধি- ২ (১) দ্রষ্টব্য]

ইট পোড়ানো লাইসেন্সের জন্য দরখাস্ত

- ১। দরখাস্তকারীর নাম -
- ২। ঠিকানা (ক) স্থায়ী -
(খ) অস্থায়ী -
- ৩। পেশা -
- ৪। ইট পোড়ানোর উদ্দেশ্য -
- ৫। ইটের ভাটার অবস্থান (৩ কপি ম্যাপ সংযুক্ত করিতে হইবে)-
(ক) দাগ নং -
(খ) মেজা নং -
(গ) গ্রামের নাম/রাস্তার নাম -
(ঘ) ইউনিয়নের নাম -
(ঙ) উপজেলার নাম -
- ৬। কি ধরনের জুলানীর দ্বারা ইট পোড়ানো হইবে -
- ৭। প্রস্তাবিত জুলানীর উৎস -

আবেদনকারী স্বাক্ষর
 তাঁ ইং
 বাঁ

তদন্তকারী কর্মকর্তা বা ব্যক্তির প্রতিবেদন :

সংশ্লিষ্ট রেকর্ড পত্র পরীক্ষা ও সরজিমিনে তদন্ত করিয়া দরখাস্তে বর্ণিত বিষয়সমূহ সঠিক
পাওয়ায়/না পাওয়ায় লাইসেন্স প্রদানের জন্য সুপারিশ করা গেল/গেল না।

স্বাক্ষর -
 তাঁ -
 পদবী -
 সীল -

ফরম ‘খ’
[বিধি-৩ দ্রষ্টব্য]

ইট পোড়ানো লাইসেন্স

প্রাপকের নাম
 ঠিকানা
 আপনার তারিখের দরখাস্তের
 প্রেক্ষিতে আপনাকে নিম্নে বর্ণিত পরিমান ইট পোড়ানোর জন্য নিম্নলিখিত শর্তে লাইসেন্স প্রদান করা
 হইল।

২। ইটের ভাটার অবস্থান :

- (১) দাগ নং
- (২) মৌজা নং
- (৩) আমের নাম/রাস্তার নাম
- (৪) ইউনিয়নের নাম

৩। লাইসেন্সের মেয়াদ ১৯ ইং/..... ১০ বাঁ
 হইতে ১৯ ইং/..... ১০ বাঁ

৪। শর্তবলী :

- (ক) ইটের ভাটায় কোন অবস্থাতেই কোন প্রকার জ্বালানী কাঠ ব্যবহার করা যাইবে না।
- (খ) উপজেলা চেয়ারম্যান নিজে অথবা তাহা কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত যে কোন কর্মকর্তা বা
 ব্যক্তি অথবা বন অধিদপ্তরের যে কোন কর্মকর্তা বা কর্মচারী (ডেপুটি রেঞ্জার পদ
 মর্যাদার নীচে নহে) যে কোন সময় কোন প্রকার পরোয়ানা ব্যতীত ইটের ভাটা
 পরিদর্শন করিতে পারিবেন এবং ইহাতে কোন বাধা প্রদান বা ওজর আপর্তি করা
 চলিবে না।
- (গ) পোড়ানো ইটের পরিসংখ্যান ও বিক্রয়ের ব্যাপারে রেজিস্ট্রার সংরক্ষণ করিতে
 হইবে।
- (ঘ) ইট পোড়ানো নিয়ন্ত্রণ আইন, ১৯৮৯ এবং উক্ত আইনের অধীন প্রণীত বিধির
 পরিপন্থী অনুযায়ী মোকদ্দমা দায়ের করা যাইবে।

তারিখ :।

স্বাক্ষর

চেয়ারম্যান
 উপজেলা পরিষদ উপজেলা,
 জেলা।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এম, আজিজুল হক
 ভারপ্রাপ্ত অতিরিক্ত সচিব।